# জীবন বিজ্ঞান

1. অনুচক্রিকার কাজ কী?
(A) রক্তকে পরিষ্কার করে
(B) রক্তে অক্সিজেন সরবরাহ করে
(C) ক্ষতস্থানে রক্ত জমাট-বাঁধতে সাহায্য করে
(D) রক্ত সংবহন করে।

2. উদ্ভিদের কোন্ জীবনক্রিয়া আলোকদশা ও অন্ধকারদশায় বিভক্ত?
(A) বাষ্পমোচন (B) সালোকসংশ্লেষ
(C) রেচন (D) শ্বসন

3. চা এবং কফিতে কোন্ রাসায়নিক পদার্থটি পাওয়া যায়?
(A) ক্যাফিন (B) ক্লোরোফিন
(C) নিকোটিন (D) অ্যাসপিরিন

4. মানবদেহের একজোড়া লিঙ্গ-নির্ধারক সেক্সক্রোমোজোম ব্যতীত অন্য ক্রোমোজোমদের কী বলে?
(A) পলিজোম (B) হেটোজোম
(C) অটোজোম (D) স্কেরোজোম

5. মিয়োসিস-বিভাজনে মাতৃ নিউক্লিয়াস ক-টি ভাগে বিভক্ত হয়?
(A) তিনটি ভাগে (B) চারটি ভাগে
(C) দুটি ভাগে (D) ছয়টি ভাগে

6. অলফ্যাক্টরি নার্ভ কী কাজে সাহায্য করে?
(A) দর্শনে (B) স্বাদগ্রহণে (C) ঘ্রাণে (D) শ্রবণে

7. রক্তের হিমোগ্লোবিনে কোন্ ধাতুটি থাকে?
(A) ম্যাগনেশিয়াম (B) আয়রন
(C) ক্যালশিয়াম (D) পটাশিয়াম

8. 'সিটা' নিম্নলিখিত কোন্ প্রাণীটির গমন-অঙ্গ?
(A) কেঁচো (B) অ্যামিবা
(C) আরশোলা (D) ইউগ্লিনা

9. কুইনাইন পাওয়া যায়—
(A) ধুতুরা গাছের মূলে
(B) লেবুগাছের ছালে
(C) সিঙ্কোনা গাছের বাকলে
(D) সর্পগন্ধা গাছের মূলে

10. নিকোটিন কি?
(A) আঠা (C) তরুক্ষীর
(B) নাইট্রোজেনযুক্ত রেচনজাত উপক্ষার
(D) ওষুধ

11. স্পর্শ বা আঘাতের ফলে লজ্জাবতী লতার পাতা মুড়ে-যাওয়া কোন্ প্রকার চলন?
(A) ফোটোন্যাস্টি চলন (B) কেমোন্যাস্টি চলন
(C) সিসমোন্যাস্টি চলন (D) ট্রপিক চলন

12. নিম্নলিখিত কোন্ প্রাণীটি পুঞ্জাক্ষিযুক্ত?
(A) কেঁচো (B) আরশোলা
(C) মাকড়সা (D) ইউগ্লিনা

13. কনজাংটিভাইটিস হল—
(A) চোখের রোগ (B) কানের রোগ
(C) দাঁতের রোগ (D) হাঁড়ের রোগ

14. স্নায়ুকোষ বিভাজিত হয় না কেন?
(A) স্নায়ুকোষের সাইটোপ্লাজমে সেন্ট্রোজোম থাকে না বলে।
(B) স্নায়ুকোষে সাইটোপ্লাজম থাকে না বলে।
(C) স্নায়ুকোষের সাইটোপ্লাজমে নিউক্লিয়াস থাকে না বলে।
(D) স্নায়ুকোষের সাইটোপ্লাজমে ক্রোমোজোম থাকে না বলে।

15. নখ, চুল ইত্যাদি গঠন করে কোন্ প্রোটিন?
(A) মেটাপ্রোটিন (B) স্ক্লেরোপ্রোটিন
(C) গ্লুটেলিন (D) কেরাটিন

16. জীবদেহের গঠনগত ও কার্যগত একক হল—
(A) অঙ্গ (B) পেশি (C) কোষ (D) কলা

17. উদ্ভিদদেহে জল ঊর্ধ্বমুখে ধাবিত হয় কীসের মাধ্যমে?
(A) ফ্লোয়েমের মাধ্যমে
(B) জাইলেমের মাধ্যমে
(C) প্যারেনকাইমার মাধ্যমে
(D) স্ক্লেরেনকাইমার মাধ্যমে

18. মানবদেহে $O_2$ ও $CO_2$ পরিবহন করে কোন্ রক্তকণিকা?
(A) লোহিত কণিকা (B) অনুচক্রিকা
(C) অ্যান্টিজেন (D) বেসোফিল

◆ **19.** নিম্নলিখিত কোন্ উদ্ভিদে নিকোটিন পাওয়া যায়?
(A) তেঁতুল (B) সিঙ্কোনা (C) কফি (D) তামাক

◆ **20.** মানুষের রেচন-অঙ্গ কী?
(A) মুখ্যত বৃক্ক, ত্বক এবং ফুসফুস
(B) যকৃৎ ও বৃক্ক
(C) ত্বক ও বৃহদন্ত্র
(D) এদের কোনোটিই নয়

◆ **21.** পুরুষদেহের সেক্সক্রোমোজোমগুলি হল—
(A) দুটি X
(B) দুটি X ও দুটি Y
(C) একটি X ও একটি Y
(D) দুটি Y

◆ **22.** মায়োসিস প্রক্রিয়ায় শরীরের নিম্নলিখিত কোন্ অঙ্গে কোষবিভাজন হয়?
(A) শুক্রাশয়ে (B) অগ্ন্যাশয়ে
(C) নখে (D) হাঁড়ে

◆ **23.** নিম্নলিখিত কোন্ প্রক্রিয়ায় অর্ধভেদ্য পর্দার প্রয়োজন হয়?
(A) অভিস্রবণ (B) ব্যাপন
(C) পরিবহন (D) এদের কোনোটিতেই নয়

◆ **24.** অস্থি এক প্রকার—
(A) যোগকলা (B) আবরণী কলা
(C) ক্ষরণকারী কলা (D) কোনোটিই নয়

◆ **25.** উদ্ভিদের বৃদ্ধি-সহায়ক একটি হরমোন হল—
(A) ইথিলিন (B) S. T. H.
(C) অক্সিন (D) ফ্লোরিজেন

◆ **26.** র‍্যাফ্লেশিয়া কী?
(A) পূর্ণ পরজীবী প্রাণী
(B) আংশিক পরজীবী উদ্ভিদ
(C) পূর্ণ পরজীবী উদ্ভিদ
(D) আংশিক পরজীবী প্রাণী

◆ **27.** মানবদেহে পরিপাকনালির খাদ্য শোষণকারী অংশটি হল—
(A) ইসোফেগাস (B) পাকস্থলী
(C) ক্ষুদ্রান্ত্র (D) বৃহদন্ত্র

◆ **28.** হৃৎপিণ্ড আবরণকারী দ্বিস্তরী পর্দার নাম কী?
(A) মায়োকার্ডিয়াম (B) পেরিকার্ডিয়াম
(C) এন্ডোকার্ডিয়াম (D) কার্ডিয়োমিয়াম

◆ **29.** কে প্রথম কোষ আবিষ্কার করেন?
(A) রবার্ট হুক (B) রবার্টসন
(C) রবার্ট ব্রাউন (D) ফন্টানা

◆ **30.** নিউরোনের লম্বা প্রবর্ধকটির নাম হল—
(A) ডেনড্রন (B) সাইন্যাপসিস
(C) অ্যাক্সন (D) কোনোটিই নয়

◆ **31.** গাজরে নিম্নলিখিত কোন্ ভিটামিনটি বেশি পাওয়া যায়?
(A) ভিটামিন A (B) ভিটামিন D
(C) ভিটামিন C (D) ভিটামিন E

◆ **32.** মাইটোসিস প্রক্রিয়ায় কোষবিভাজনের ফলে কী হয়?
(A) কোষের সংখ্যা বৃদ্ধি পায়
(B) কোষের সংখ্যা হ্রাস পায়
(C) কোষের আকার বৃদ্ধি পায়
(D) কোষ শিথিল হয়ে যায়

◆ **33.** কীসের অভাবে বেরিবেরি রোগ হয়?
(A) লোহা (B) হরমোন
(C) ভিটামিন B (D) আয়োডিন

◆ **34.** কোন্ পদার্থ দ্বারা উৎসেচক গঠিত হয়?
(A) DNA (B) ফ্যাট
(C) কার্বোহাইড্রেট (D) অ্যামাইনো অ্যাসিড

◆ **35.** থাইরক্সিন ক্ষরিত হয় কোন্ গ্রন্থি থেকে?
(A) অগ্ন্যাশয় গ্রন্থি থেকে
(B) থাইরয়েড গ্রন্থি থেকে
(C) অ্যাড্রিনালিন গ্রন্থি থেকে
(D) কোনোটিই নয়

◆ **36.** ইনসুলিন কী নিয়ন্ত্রণ করে?
(A) রক্তে শর্করার পরিমাণ
(B) রক্তে ইউরিয়ার পরিমাণ
(C) রক্তে আয়রনের পরিমাণ
(D) রক্তে ক্যালশিয়ামের পরিমাণ

◆ **37.** নিম্নলিখিত কোন্ পদার্থটির অভাবে স্কার্ভি রোগ হয়?
(A) হরমোন (B) আয়োডিন
(C) ভিটামিন A (D) ভিটামিন C

◆ **38.** নিম্নলিখিত কোন্ জৈবযৌগে শ্বসন প্রক্রিয়ায় মুক্তিপ্রাপ্ত শক্তির অংশ আবদ্ধ থাকে?
(A) NADP (B) ATP (C) RUPD (D) ADP

◆ **39.** সাইটোপ্লাজমের ভিতরে থাকে—
(A) নির্জীব কোষ (B) সাইটোপ্লাজম
(C) কোষপ্রাচীর (D) মাইটোকনড্রিয়া

◆ **40.** শ্বাসছিদ্র ও ট্র্যাকিয়া নিম্নলিখিত কোন্ প্রাণীটির শ্বাস-অঙ্গ?
(A) চিংড়ি (B) মাছ (C) স্পঞ্জ (D) আরশোলা

◆ **41.** কোষদেহে উপস্থিত সাইটোপ্লাজম হল—
(A) নিউরোপ্লাজম (B) সেন্ট্রোজোম
(C) নিউরোন (D) নিউক্লিয়াস

42. নিম্নলিখিত কোন্ পদার্থটি জীবদেহে রাসায়নিক সমন্বয়ের কাজ করে?
(A) স্নায়ু (B) হরমোন
(C) উৎসেচক (D) ভিটামিন

43. সাধারণত মানুষের শরীরে কয়টি ক্রোমোজোম থাকে?
(A) 43টি (B) 44টি (C) 45টি (D) 46টি

44. 'আধুনিক বংশগতির জনক' কাকে বলা হয়?
(A) গ্রেগর মেন্ডেলকে (B) চার্লস ডারউইনকে
(C) হরগোবিন্দ খুরানাকে (D) টি, এইচ মরগানকে

45. কোন্ রক্তকণিকা শরীরে রোগপ্রতিরোধক্ষমতা গড়ে তোলে?
(A) সকল প্রকারের শ্বেত কণিকা
(B) নিউট্রোফিলস
(C) মনোসাইটস (D) লিম্পোসাইটস

46. প্রোটোজোয়া পর্বভুক্ত প্রাণী হল—
(A) সাইকন (B) ব্যাকটেরিয়া
(C) অ্যামিবা ও ইউগ্লিনা (D) জেলিফিস

47. ক্রোমোজোমের বংশগতির উপাদান কী?
(A) প্রোটিন (B) DNA
(C) নন্‌হিস্টোন (D) পেন্টোজ শর্করা

48. দ্বিতন্ত্রী হেলিক্যাল বিন্যাস কোন্ জৈব অণুর?
(A) DNA (B) RNA
(C) PVC (D) কোনোটিরই নয়

49. একটি পাচকরস যাতে উৎসেচক থাকে না কিন্তু পরিপাকে সাহায্য করে—
(A) বাইল (B) সুকাস এনটেরিকাস
(C) কাইম (D) কাইল

50. ব্যাকটেরিয়াম কোন্ ভাইরাস দ্বারা আক্রান্ত হয়?
(A) ব্যাকটেরিও ফাজ (B) ব্যাকলোফেন
(C) ভাইরেমিয়া (D) অ্যারাবোভাইরাস

51. জিওলমাছের অতিরিক্ত শ্বাসযন্ত্র কী করে?
(A) জল থেকে অক্সিজেন গ্রহণ করে।
(B) বায়ু থেকে অক্সিজেন গ্রহণ করে।
(C) হিমোগ্লোবিন থেকে অক্সিজেন গ্রহণ করে।
(D) এদের কোনটিই করে না।

52. সালোকসংশ্লেষ ও শ্বসন আংশিক ভাবে কোথায় সম্পন্ন হয়?
(A) রাইবোজোম ও লাইসোজোমে
(B) প্লাসটিড ও মাইটোকন্ড্রিয়ায়
(C) গলগিবস্তু ও রাইবোজোমে
(D) নিউক্লিয়াসে

53. বর্ণান্ধতা ও অ্যালবিনিজম—
(A) দুটিই জিনবাহিত
(B) দুটিতেই মানুষ বর্ণ চিনতে পারে না
(C) দুটিই জীবাণুঘটিত রোগ
(D) এদের কোনটিই নয়

54. মানবদেহের কোন্ অংশে পৌষ্টিক নালি ও শ্বাসনালি মিলিত হয়?
(A) ট্র্যাকিয়া (B) ল্যারিংস
(C) ইসোফেগাস (D) ফ্যারিংস

55. 'ঝুম' কী?
(A) একটি নদী-উপত্যকা
(B) এক ধরনের কৃষি-পদ্ধতি
(C) একটি উপজাতি
(D) এদের কোনটিই নয়।

56. সবচেয়ে কম বিষাক্ত নাইট্রোজেনঘটিত বর্জ্যপদার্থ কী?
(A) ইউরিয়া (B) ক্রিয়েটিন
(C) ইউরিক অ্যাসিড (D) ক্রিয়েটিনিন

57. শরীরের কোন্ অঙ্গ খারাপ হলে জন্ডিস হয়?
(A) কিডনি (B) পাকস্থলী
(C) যকৃৎ (D) ফুসফুস

58. বস্তুর প্রতিবিম্ব গঠন করে—
(A) আইরিশ (B) রেটিনা (C) লেন্স (D) স্ক্লেরা

59. ঘর্মগ্রন্থি কোথায় অবস্থিত?
(A) ত্বকে (B) সুষুম্নাকাণ্ডে
(C) মস্তিষ্কে (D) এদের কোনটিতেই নয়

60. নিম্নলিখিত কোন্ প্রাণীটি অদ্ভুত উপায়ে কোষে সরাসরি অক্সিজেন সরবরাহ করে?
(A) উইপোকা (B) কাঁকড়াবিছে
(C) মাকড়সা (D) আরশোলা

61. রক্ত পরিশোধিত হয়ে অক্সিজেন যুক্ত হওয়ার জন্য ভেনাস থেকে কীসের দ্বারা তা ফুসফুসে পরিবাহিত হয়?
(A) ডান অলিন্দ দ্বারা
(B) ফুসফুসীয় শিরার দ্বারা
(C) ফুসফুসীয় ধমনির দ্বারা
(D) ফুসফুসীয় আর্টেরিও-ভেনাস কপাটিকার দ্বারা

62. কৃত্রিম কিডনি কোন্ প্রক্রিয়ায় কাজ করে?
(A) অভিস্রবণ (B) ব্যাপন
(C) ডায়ালিসিস (D) সক্রিয় পরিবহন

63. দুটি নিউরোনের সংযোগস্থলে উপস্থিত রাসায়নিক তরল পদার্থটির নাম কী?
(A) নিউক্লিয় রস (B) নিউরোহিউমার
(C) সেলস্যাপ (D) সেরিব্রোস্পাইনাল ফ্লুইড

♦ 64. নিম্নলিখিত কোন্‌টি প্রকৃত ফল?
(A) আনারস (B) নারকেল
(C) চীনাবাদাম (D) আপেল

♦ 65. ভারতের কেন্দ্রীয় ধান-গবেষণাকেন্দ্র কোথায় অবস্থিত?
(A) কটক (B) মহিশুর
(C) কলকাতা (D) বেঙ্গালুরু

♦ 66. বীজশূন্য ফল উৎপাদন পদ্ধতির বিজ্ঞানকে কী বলে?
(A) পলিকার্পি (B) পার্থেনোকার্পি
(C) অ্যাপোগ্যামি (D) পোরোগ্যামি

♦ 67. ভারতে খেসারির ডাল খাওয়া নিষিদ্ধ হয়েছে, কারণ ওই ডাল খেলে—
(A) অন্ধ হয়ে যায়
(B) বধির হওয়ার সম্ভাবনা
(C) রক্তকণিকার অভাব হয়
(D) পক্ষাঘাত হওয়ার সম্ভাবনা

♦ 68. কোন্‌ দেহাংশ শরীরের তাপমাত্রা নিয়ন্ত্রণ করে?
(A) হাইপোথ্যালামাস (B) পিটুইটারি
(C) থাইরয়েড (D) পিনিয়াল

♦ 69. জলাতঙ্ক ও অ্যানথ্রাক্স রোগের প্রতিষেধক পাস্তুরাইজেশনের আবিষ্কারক কে—
(A) লুই পাস্তুর (B) আলেকজান্ডার ফ্লেমিং
(C) হরগোবিন্দ খুরানা (D) প্রিস্টলে

♦ 70. দৈর্ঘ্যবরাবর ক্রোমোজোমের দুটি দণ্ডাকার অংশ হল—
(A) ক্রোমাটিড (B) সেন্ট্রোমিয়ার
(C) ইউক্রোমাটিন (D) ক্রোমোমিয়ার

♦ 71. বহুল প্রচলিত অ্যান্টিবায়োটিক পেনিসিলিন তৈরি হয়—
(A) একটি ব্যাকটেরিয়া থেকে
(B) একটি ছত্রাক থেকে
(C) একটি ভাইরাস থেকে
(D) কোনো কৃত্রিম পদার্থ থেকে

♦ 72. বেশির ভাগ খাদ্যের মূল অংশ গঠিত হয়—
(A) প্রোটিন দ্বারা (B) কার্বোহাইড্রেট দ্বারা
(C) লিপিড দ্বারা (D) নিউক্লিক অ্যাসিড দ্বারা

♦ 73. জলশোষণের পূর্বে পাকা আখের জলবিশ্লেষণ হয় কোন্‌ উৎসেচকের সাহায্যে?
(A) সুক্রোজ (B) মলটোজ
(C) ল্যাকটোজ (D) কোনোটিই নয়

♦ 74. খাদ্য প্রোটোপ্লাজমের অংশবিশেষে পরিণত হয়—
(A) আত্তীকরণের দ্বারা (B) রেচনের দ্বারা
(C) সংবহনের দ্বারা (D) শ্বসনের দ্বারা

♦ 75. মূত্রের একটি অস্বাভাবিক উপাদান হল—
(A) হিমোগ্লোবিন (B) ইউরিয়া
(C) NaCl (D) ক্রিয়েটিনিন

♦ 76. 'লাইকেন' নামক জীবটি—
(A) ভাইরাস ও ব্যাকটেরিয়ার সমন্বয়
(B) শৈবাল ও ছত্রাকের সমন্বয়
(C) শৈবাল ও ব্যাকটেরিয়ার সমন্বয়
(D) কোনোটিই নয়

♦ 77. পাকস্থলীর রাসায়নিক পরিবেশ কেমন?
(A) ক্ষারীয় (B) আম্লিক
(C) প্রশম (D) ক্ষারীয় কিন্তু সময়বিশেষে আম্লিক

♦ 78. চার প্রকোষ্ঠে বিভক্ত রোমন্থক পাকস্থলী কোন্‌ প্রাণীর থাকে?
(A) ছাগল (B) গোরু (C) ভেড়া (D) তিনটিরই

♦ 79. অ্যামিবার পরিপাক ঘটে—
(A) প্লাসটিডে (B) মাইটোকনড্রিয়া
(C) ভ্যাকুওলে (D) লাইসোজোমে

♦ 80. মানুষের অন্ত্রে ভিটামিন $B_{12}$ সংশ্লেষকারী ব্যাকটেরিয়া হল—
(A) ই-কোলাই (B) রাইজোবিয়াম
(C) বি-কোলাই (D) সালমোনেলা টাইফোসা

♦ 81. প্রোটিন পরিপাককারী উৎসেচকটি হল—
(A) লাইপেজ (B) টায়ালিন
(C) অ্যামাইলেজ (D) কোনোটিই নয়

♦ 82. নিম্নলিখিত কোন্‌ প্রাণীর রক্ত অক্সিজেন এবং কার্বন ডাইঅক্সাইড সংবহন করে না?
(A) আরশোলা (B) বাদুড়
(C) পায়রা (D) জিওল মাছ

♦ 83. বিজ্ঞানী শেরিংটন সর্বপ্রথম কোন্‌ প্রাণীর মধ্যে প্রতিবর্ত ক্রিয়া লক্ষ করেন?
(A) মাছের মধ্যে (B) সাপের মধ্যে
(C) ব্যাঙের মধ্যে (D) পাখির মধ্যে

♦ 84. রক্তজালক ফুসফুসের কোন্‌ থলিগুলিকে ঘিরে রাখে?
(A) ক্লোমনালিকা (B) ট্রাকিয়া
(C) ব্রঙ্কিওল (D) অ্যালভিওলাই

♦ 85. কোন্‌ প্রাণীর বক্ষপেশি সবচেয়ে উন্নত ও বেশি কার্যক্ষম?
(A) ভাল্লুক (B) বানর (C) পায়রা (D) মানুষ

♦ 86. টিকটিকি কোন্ পদ্ধতিতে গমন করে?
(A) ক্রলিং (B) লিপিং
(C) গ্লাইসিং (D) ওয়াকিং

♦ 87. আম গাছের রেচন-অঙ্গের নাম হল—
(A) ফল (B) পাতা (C) ফুল (D) কোনটিই নয়

♦ 88. একটি বোতলের কর্কের ছিপির রাসায়নিক বিশ্লেষণ করে কী পাওয়া যাবে?
(A) লিপিড (B) প্রোটিন
(C) ট্যানিন (D) কার্বোহাইড্রেট

♦ 89. কোন্ বিজ্ঞানী সালোকসংশ্লেষ নিয়ে কাজ করে নোবেল পুরস্কার পেয়েছিলেন?
(A) এফ এফ ব্ল্যাকম্যাল
(B) খেলভিন ক্যালভিন
(C) রবার্ট হুক
(D) লুই পাস্তুর

♦ 90. ইউস্টেচিয়ান নালি কোথায় থাকে?
(A) কানে (B) নেফ্রনে
(C) ক্ষুদ্রান্ত্রে (D) নাকে

♦ 91. মানবদেহের কোন্ অংশে রক্ত তৈরি হয়?
(A) প্লিহা (B) লাল অস্থিমজ্জা
(C) হৃৎপিণ্ড (D) কোনোটিই নয়

♦ 92. কোন্ হরমোনটি ফলের পরিপক্কতায় সাহায্য করে?
(A) ইথিলিন (B) অক্সিন
(C) ফ্লোরিজেন (D) জিব্বেরালিক অ্যাসিড

♦ 93. একজন প্রাপ্তবয়স্ক মানুষ ২৪ ঘন্টার কী পরিমাণ মূত্র উৎপন্ন করতে পারে?
(A) 5 লিটার (B) 2.0 লিটার
(C) 1.5 লিটার (D) 1.0 লিটার

♦ 94. হাইড্রোফাইট কী?
(A) একটি জলজ উদ্ভিদ
(B) একটি সামুদ্রিক প্রাণী
(C) শিকড়হীন উদ্ভিদ
(D) কোনোটিই নয়

♦ 95. কুকুর, বেড়াল রাত্রে দেখতে পায় কেন?
(A) তাদের চোখে রডকোষ আছে।
(B) রডকোষ কম আর কোণকোষ বেশী থাকে।
(C) রডকোষ ও কোণকোষ দুটি সমান আছে।
(D) রডকোষ ও কোণকোষ নেই।

♦ 96. ক্ষুধা, দেহে জলের ভারসাম্য এবং দৈহিক তাপমাত্রার নিয়ন্ত্রণ-কেন্দ্র কোনটি?
(A) থ্যালামাস (B) মেডুলা অবলাঙ্গাটা
(C) হাইপোথ্যালমাস (D) পন্স

♦ 97. ক্ষতস্থানে রক্ত জমাট বাঁধলে সেখানে ক্ষতিকারক ব্যাকটেরিয়ার প্রবেশ প্রতিহত করে—
(A) মামড়ি পড়ে-যাওয়া (B) অ্যান্টিবডি
(C) রক্তরসের নিঃসরণ (D) অ্যান্টিটক্সিন

♦ 98. ঝিনুক কোন্ পর্বভুক্ত প্রাণী?
(A) অ্যালিলিডা (B) মোলাস্কা
(C) আর্থোপোডা (D) একাইনোডার্মাটা

♦ 99. নিম্নলিখিত কোন্ শস্যটি একটি খাদ্যোপযোগী ফল?
(A) চীনাবাদাম (B) নারিকেল
(C) গম (D) কড়াইশুঁটি

♦ 100. অভিকর্ষের অনুকূলে উদ্ভিদমূলের বৃদ্ধিকে কী বলে?
(A) হাইড্রোট্রপিক চলন (B) জিওট্রপিক চলন
(C) ফোটোট্রপিক চলন (D) কোনোটিই নয়

♦ 101. কীসের উপস্থিতিতে মূত্রের স্বাভাবিক রং ফিকে হলদে হয়?
(A) ইউরিয়ার জন্য (B) অ্যামোনিয়ার জন্য
(C) বিলিরুবিনের জন্য (D) ইউরোক্রোমের জন্য

♦ 102. কোন্ ভিটামিন পেলেগ্রা ও বেরিবেরি রোগ প্রতিরোধ করে?
(A) ভিটামিন D (B) ভিটামিন B কমপ্লেক্স
(C) ভিটামিন C (D) ভিটামিন K

♦ 103. ভিলাই মানবদেহের কোথায় দেখা যায়?
(A) খাদ্যনালিতে (B) ফুসফুসে
(C) পাকস্থলীতে (D) ক্ষুদ্রান্ত্রে

♦ 104. বৃদ্ধির প্রক্রিয়া কী?
(A) আত্তীকরণ ও কোষীয় প্রসারণ
(B) কোষবিভাজন
(C) বিভেদদশা
(D) তিনটিই

♦ 105. যে প্রক্রিয়ায় ডিম্বাণুর নিষেক ব্যতীত অপত্য-জীব সৃষ্টি হয় তাকে বলে—
(A) অযৌনজনন (B) উগ্যামি
(C) পারথেনোজেনেসিস (D) পিটোগ্যামি

♦ 106. উদ্ভিদদেহে রসের উৎস্রোতের ডায়টালিস্টিক মতবাদের প্রবক্তা কে?
(A) বিজ্ঞানী জগদীশচন্দ্র বসু
(B) লিউয়েন হুক
(C) স্টিফেন হেলাস
(D) ডিক্সন ও জলি

♦ 107. টিনিয়া সোলিয়াম বা চ্যাপটাকৃমি কোন্ পর্বভুক্ত?
(A) অ্যানিলিডা (B) প্ল্যাটিহেলমিনথিস
(C) প্রোটোজোয়া (D) নিডারিয়া

♦ **108.** বাইনোমিয়াল নোমেনক্লাচারের অর্থ হল—
(A) কোনো জৈবের জীবদ্দশার দুটি পর্যায়
(B) কোনো জীবের দুই শব্দের বৈজ্ঞানিক নাম
(C) উদ্ভিদ ও প্রাণীর দুটি নাম
(D) কোনোটিই নয়।

♦ **109.** স্টার ফিস কোন্ পর্বভুক্ত প্রাণী?
(A) কর্ডাটা পর্বভুক্ত (B) একাইনোডার্মাটা পর্বভুক্ত
(C) মোলাস্কা পর্বভুক্ত (D) অ্যানিলিডা পর্বভুক্ত

♦ **110.** কোষরস কী?
(A) কোষগহ্বরে উপস্থিত খনিজ এবং জৈব পদার্থের তরল দ্রবণ
(B) মাটি থেকে উদ্ভিদের মূল দ্বারা শোষিত জল
(C) কোষ থেকে নিঃসৃত পদার্থ
(D) সাইটোপ্লাজমে দ্রবীভূত বিভিন্ন জৈব পদার্থের দ্রবণ

♦ **111.** মানুষের সুষুম্নীয় স্নায়ুর সংখ্যা কত?
(A) 31 জোড়া (B) 15 জোড়া
(C) 23 জোড়া (D) 42 জোড়া

♦ **112.** উদ্ভিদদেহে জৈব পদার্থ পরিবাহিত হয় কীসের দ্বারা?
(A) জাইলেম (B) তন্তু
(C) ফ্লোয়েম (D) কোলেনকাইমা

♦ **113.** কোন্ অ্যাসিড জমা হলে পেশিগত ক্লান্তি হয়?
(A) ল্যাকটিক অ্যাসিড (B) ইউরিক অ্যাসিড
(C) পাইরুভিক অ্যাসিড (D) অক্সালোঅ্যাসেটিক অ্যাসিড

♦ **114.** কানের কোন্ অংশ দেহের ভারসাম্য রক্ষা করে?
(A) ভেস্টিবিউলার যন্ত্র (B) অটোলিথ যন্ত্র
(C) কর্টি যন্ত্র (D) ইউস্টেচিয়ান নালি

♦ **115.** নিম্নলিখিত কোন্ গ্রন্থিটি মিশ্র গ্রন্থি?
(A) অ্যাড্রিনাল (B) থাইরয়েড
(C) পিটুইটারি (D) অগ্ন্যাশয়

♦ **116.** পাখি বা টিকটিকির বর্জ্যে যে সাদা পদার্থটি দেখতে পাওয়া যায় তার রাসায়নিক নাম হল—
(A) ক্রিয়েটিনাইন (B) ইউরিক অ্যাসিড
(C) ইউরিয়া (D) ক্যালশিয়ামের অধঃক্ষেপ

♦ **117.** রক্ত ও অস্থির মধ্যে মিল কী?
(A) ওরা একই কাজ করে
(B) ওরা উভয়ই যোগকলা
(C) ওরা একই পদার্থ দ্বারা গঠিত
(D) ওরা একই প্রকার কোষ দিয়ে তৈরি

♦ **118.** সালোকসংশ্লেষের ফলে যে-অক্সিজেন উৎপন্ন হয় তা আসে—
(A) মাটি থেকে শোষিত কার্বনেট থেকে
(B) জল থেকে
(C) মাটিতে উপস্থিত অক্সাইড যোগ থেকে
(D) $CO_2$ থেকে

♦ **119.** সমগ্র প্রজনন হার বলতে কী বোঝায়?
(A) পরিবারের সদস্যসংখ্যা
(B) পরিবারের আয়তন
(C) একজন স্ত্রীলোকের সন্তানধারণসংখ্যা
(D) পরিবারের শিশু-সদস্যের সংখ্যা

♦ **120.** মশা একটি—
(A) মৃতজীবী প্রাণী
(B) পরজীবী প্রাণী
(C) অন্তঃপরজীবী প্রাণী
(D) আংশিক পরজীবী প্রাণী

♦ **121.** সেরিবেলাম বা লঘু মস্তিষ্কের কাজ কী?
(A) শ্বসন এবং সংবহনের মতো গুরুত্বপূর্ণ কার্য নিয়ন্ত্রণ করে।
(B) সমন্বয় নিয়ন্ত্রণ করে।
(C) পন্‌স ধারণ করে।
(D) মেলাটোনিনের ক্ষরণ নিয়ন্ত্রণ করে।

♦ **122.** ন্যাশনাল ব্যুরো অফ প্লান্ট জেনেটিক রিসোর্সেস কোথায় অবস্থিত?
(A) হায়দরাবাদে (B) মুম্বই-এ
(C) বেঙ্গালুরুতে (D) দিল্লিতে

♦ **123.** বায়ুতে কত শতাংশ পরিমাণে অক্সিজেন থাকে?
(A) 40 (B) 25 (C) 20 (D) 5

♦ **124.** হৃদ্‌স্পন্দের হার এবং বেগ, অনৈচ্ছিক পেশির সংকোচন নিয়ন্ত্রণ করে—
(A) সুষুম্নীয় স্নায়ু (B) করোটিয় স্নায়ু
(C) স্বয়ংক্রিয় স্নায়ু (D) কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র

♦ **125.** 'কার্ডিয়াক অ্যারেস্ট' হলে সর্বপ্রথম কী করতে হবে?
(A) ডাক্তারকে ডাকতে হবে
(B) কার্ডিয়াক ম্যাসেজ করতে হবে
(C) মুখ থেকে মুখে শ্বাসকার্য চালাবার ব্যবস্থা করতে হবে
(D) কোনোটিই নয়

♦ **126.** একজন প্রাপ্তবয়স্ক মানুষের হৃদ্‌যন্ত্র এক মিনিটে কত বার স্পন্দিত হয়?
(A) 72 বার (B) 60 বার
(C) 80 বার (D) 90 বার

♦ **127.** জীবদেহের রাসায়নিক সমন্বয়কারী কী?
(A) প্রোটিন (B) হরমোন
(C) ভিটামিন (D) উৎসেচক

**128.** নিম্নলিখিত কোন্ ক্রোমোজোমটি আতসকাচ দিয়ে দেখা যায়?
(A) ড্রসেফিলার ক্রোমোজোম
(B) মানবদেহের X ও Y ক্রোমোজোম
(C) পলিটিন ও ল্যাম্প ব্রাশ
(D) আপেল গাছের ক্রোমোজোম

**129.** কোন্ প্রকার জননপদ্ধতির অভিব্যক্তি প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা আছে?
(A) অঙ্গজ জনন (B) যৌনজনন
(C) পার্থেনোজেনেসিস (D) অযৌনজনন

**130.** বটগাছ কোন্ শ্রেণিভুক্ত উদ্ভিদ?
(A) অ্যানজিওস্পার্ম (B) ব্রায়োফাইটা
(C) জিমনোস্পার্ম (D) টেরিডোফাইটস

**131.** হরমোন কে আবিষ্কার করেন?
(A) ভাইসম্যান (B) ওয়ালডেয়ার
(C) স্টারলিং (D) চার্লস ডারউইন

**132.** নিম্নলিখিত কোন্‌টি আখ-শর্করা?
(A) গ্লুকোজ ও সুক্রোজ
(B) গ্লুকোজ ও ফ্রুকটোজ
(C) গ্লুকোজ ও গ্যালাকটোজ
(D) গ্লুকোজ ও রাইবোজ

**133.** 'বনের শিখা' কি?
(A) জঙ্গলের আগুন
(B) একটি উপন্যাসের নাম
(C) শরৎকালে লাল ফুলে ছেয়ে যাওয়া জঙ্গলের গাছ (D) কোনোটিই নয়

**134.** সিলভার ফিস নিম্নলিখিত কোন্ পর্বভুক্ত প্রাণী?
(A) মোলাস্কা (B) আর্থোপোডা
(C) নিডারিয়া (D) অ্যাম্ফিবিয়া

**135.** আর্কইন্ডিকেটর ও অক্সানোমিটার কী কাজে ব্যবহার করা হয়?
(A) উদ্ভিদের বয়স-নির্ধারণে
(B) উদ্ভিদের বৃদ্ধি মাপতে
(C) কোষের বৃদ্ধি মাপতে
(D) শুষ্ক ওজন মাপতে

**136.** নিম্নলিখিত কোন পদার্থের এক গ্রাম-অণু পরিমাণ থেকে সবচেয়ে বেশি শক্তি পাওয়া যায়?
(A) কার্বোহাইড্রেট (B) প্রোটিন
(C) ফ্যাট (D) খনিজ লবণ

**137.** কোন্ পদার্থের প্রভাবে মানুষের গলগণ্ড রোগ হয়?
(A) আয়োডিন (B) ক্যালশিয়াম
(C) সোডিয়াম (D) ম্যাগনেশিয়াম

**138.** কোন্ প্রাণী তার জীবনচক্রে বিভিন্ন সময় বিভিন্ন শ্বাস-অঙ্গ ব্যবহার করে?
(A) মানুষ (B) পাখি (C) বাঁদর (D) ব্যাং

**139.** মানবদেহে জরুরিকালীন অবস্থা নিয়ন্ত্রণ করে কোন্ হরমোন?
(A) ইনসুলিন (B) থাইরয়েড
(C) অ্যাড্রিনালিন (D) প্রজেস্টেরন

**140.** ক্রসিংওভার প্রক্রিয়াটি ঘটে—
(A) মায়োসিস-বিভাজনে
(B) মাইটোসিস-বিভাজনে
(C) অ্যামাইটোসিস-বিভাজনে
(D) প্রোটিন সিন্থেসিসে

**141.** মানবদেহে লোহিত রক্তকণিকার আয়ু হল—
(A) 185 দিন (B) 120 দিন
(C) অনির্দিষ্ট (D) কোনোটিই নয়

**142.** যে দৈহিক ও শারীরবৃত্তীয় মাধ্যমে লার্ভা পূর্ণাঙ্গ প্রাণীতে রূপান্তরিত হয় তাকে কী বলে?
(A) মেটামরফোসিস (B) বৃদ্ধি
(C) পরিস্ফুরণ (D) পুনরুৎপাদন

**143.** মানুষের গণ ও প্রজাতি যথাক্রমে—
(A) হোমো ও স্যাপিয়েন্স
(B) ম্যামোলিয়া ও হোমিডি
(C) কর্ডাটা ও ম্যামালিয়া
(D) হোমিডি ও স্যাপিয়েন্স

**144.** কখন কোনো ব্যক্তির এনকেফ্যালাইটিস হয়?
(A) যখন কোনো ব্যক্তির স্ট্রোক হয়
(B) যখন মুল স্নায়ুগ্রন্থি নষ্ট হয়ে যায়
(C) যখন সেরিব্রোস্পাইনাল ফ্লুইড অতিমাত্রিক হারে ক্ষরিত হয়
(D) যখন মস্তিষ্কে মেনিনজেস দাহ্যে রূপান্তরিত হয়।

**145.** উদ্ভিদদেহে জল এবং খনিজ লবণ পরিবাহিত হয় কীসের দ্বারা?
(A) জাইলেম দ্বারা (B) ফ্লোয়েম দ্বারা
(C) কোলেনকাইমার দ্বারা
(D) স্ক্লেরেনকাইমার দ্বারা

**146.** উদ্ভিদ বিভিন্ন প্রকার বাইরের উত্তেজনার সাড়া দেয় কীভাবে?
(A) স্নায়ুতন্ত্রের সাহায্যে
(B) চলন ও গমন উভয়ের মাধ্যমে
(C) স্নায়ুতন্ত্র নেই কিন্তু সাড়া দেওয়ার ক্ষমতা আছে
(D) স্নায়ুতন্ত্র নেই কিন্তু চলনের মাধ্যমে

♦ 147. নিম্নলিখিত কোন্ অঙ্গটি উদ্ভিদের শ্বাসক্রিয়ায় অংশ গ্রহণ করে?

(A) কাণ্ড (B) পাতা (C) মূল (D) কোনোটিই নয়

♦ 148. মানবদেহের করোটির স্নায়ুর সংখ্যা হল—

(A) 15 জোড়া (B) 23 জোড়া
(C) 12 জোড়া (D) 30 জোড়া

♦ 149. কোন্ প্রকার কোষবিভাজনকে 'হ্রাসকরণ বিভাজন' বলে?

(A) মাইটোসিস (B) মিয়োসিস
(C) অ্যামাইটোসিস (D) বাডিং

♦ 150. বস্তুর প্রতিবিম্ব গঠিত হয়—

(A) রেটিনায় (B) স্ক্লেরায়
(C) আইরিশ-এ (D) লেন্সে

♦ 151. রাসায়নিক গ্রাহক .কাকে বলে?

(A) কানকে (B) নাককে
(C) হর্মোনকে (D) ভিটামিনকে

♦ 152. প্রথম দ্বিপদ নামকরণের স্রষ্টা কে?

(A) লিনিয়াস (B) ডারউইন
(C) জন রে (D) হুকার

♦ 153. নিম্নলিখিত কোন্‌টি পরিবর্তিত কাণ্ড নয়?

(A) আলু (B) আদা (C) রসুন (D) মিষ্টি আলু

♦ 154. অমিলটি খুঁজে বার করো।

(A) টিকটিকি (B) গিরগিটি
(C) কচ্ছপ (D) কেঁচো

♦ 155. 'আর্কিওপ্টেরিক্স' কোন্ প্রাণী-জোড়ার মিসিং লিঙ্ক?

(A) স্তন্যপায়ী ও পক্ষি (B) সরীসৃপ ও পক্ষি
(C) উভচর ও সরীসৃপ (D) সরীসৃপ ও স্তন্যপায়ী

♦ 156. প্রোটোপ্লাজমের জলের শতকরা পরিমাণ কত?

(A) 90·20% (B) 10·50%
(C) 70·90% (D) 25·30%

♦ 157. গ্লুকোজের সম্পূর্ণ জারণ ঘটে—

(A) সালোকসংশ্লেষ ও শ্বসনে
(B) অবাত শ্বসনে
(C) সবাত শ্বসন ও অবাত শ্বসনে
(D) কোহল সন্ধানে

♦ 158. অক্ষিগোলকের মধ্য আবরণী ক-টি ভাগে বিভক্ত?

(A) তিনটি ভাগে (B) চারটি ভাগে
(C) দুটি ভাগে (D) পাঁচটি ভাগে

♦ 159. পরিবেশে $CO_2$ ও $O_2$ গ্যাসের সমতা রক্ষা করে কোন্ প্রক্রিয়া?

(A) শ্বসন (B) সালোকসংশ্লেষ
(C) সালোকসংশ্লেষ ও শ্বসন
(D) কোনোটিই নয়

# ANSWERS

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 (C) | 2 (B) | 3 (A) | 4 (C) | 5 (B) | 6 (C) | 7 (B) | 8 (A) | 9 (C) | 10 (B) |
| 11 (C) | 12 (B) | 13 (A) | 14 (A) | 15 (B) | 16 (C) | 17 (B) | 18 (A) | 19 (D) | 20 (A) |
| 21 (C) | 22 (A) | 23 (A) | 24 (A) | 25 (C) | 26 (C) | 27 (C) | 28 (B) | 29 (A) | 30 (C) |
| 31 (A) | 32 (A) | 33 (C) | 34 (D) | 35 (B) | 36 (A) | 37 (D) | 38 (B) | 39 (D) | 40 (D) |
| 41 (A) | 42 (B) | 43 (D) | 44 (A) | 45 (D) | 46 (C) | 47 (B) | 48 (A) | 49 (A) | 50 (A) |
| 51 (B) | 52 (B) | 53 (A) | 54 (D) | 55 (B) | 56 (A) | 57 (C) | 58 (B) | 59 (A) | 60 (D) |
| 61 (C) | 62 (C) | 63 (B) | 64 (B) | 65 (A) | 66 (B) | 67 (D) | 68 (A) | 69 (A) | 70 (A) |
| 71 (B) | 72 (B) | 73 (D) | 74 (A) | 75 (A) | 76 (B) | 77 (B) | 78 (D) | 79 (C) | 80 (A) |
| 81 (D) | 82 (A) | 83 (C) | 84 (D) | 85 (C) | 86 (A) | 87 (D) | 88 (D) | 89 (B) | 90 (A) |
| 91 (B) | 92 (A) | 93 (C) | 94 (A) | 95 (B) | 96 (C) | 97 (A) | 98 (B) | 99 (C) | 100 (B) |
| 101 (D) | 102 (B) | 103 (D) | 104 (D) | 105 (C) | 106 (A) | 107 (A) | 108 (B) | 109 (B) | 110 (A) |
| 111 (C) | 112 (C) | 113 (A) | 114 (B) | 115 (D) | 116 (B) | 117 (B) | 118 (B) | 119 (C) | 120 (D) |
| 121 (B) | 122 (D) | 123 (C) | 124 (C) | 125 (B) | 126 (A) | 127 (B) | 128 (C) | 129 (B) | 130 (A) |
| 131 (C) | 132 (B) | 133 (C) | 134 (B) | 135 (B) | 136 (C) | 137 (A) | 138 (D) | 139 (C) | 140 (A) |
| 141 (B) | 142 (A) | 143 (A) | 144 (D) | 145 (A) | 146 (D) | 147 (D) | 148 (C) | 149 (B) | 150 (A) |
| 151 (B) | 152 (A) | 153 (D) | 154 (D) | 155 (B) | 156 (C) | 157 (C) | 158 (A) | 159 (C) | |